



বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন
আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭
রিসার্চ সাপোর্ট এন্ড পাবলিকেশন ডিভিশন

নম্বর: ৩৭.০১.০০০০.০৭২.৪২.০১০.২৪.৩৯৪১

তারিখ: ২০ কার্তিক ১৪৩১ বঙ্গাব্দ
০৫ নভেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

বিজ্ঞপ্তি

বিষয়: ইউজিসি স্বর্ণপদক ২০২৩।

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন কর্তৃক প্রবর্তিত ইউজিসি স্বর্ণপদক ২০২৩ প্রদানের নিমিত্ত নিম্নবর্ণিত শর্তে 'myGov (আমার সরকার) এক ঠিকানায় সকল সরকারি সেবা'-এ রেজিস্ট্রেশনপূর্বক (<https://www.mygov.bd/services/form?id=BDGS-1637554194>) দরখাস্ত আহ্বান করা যাচ্ছে-

(১) দেশের পাবলিক ও প্রাইভেট বিশ্ববিদ্যালয়ের পূর্ণকালীন শিক্ষকগণ ইউজিসি স্বর্ণপদকের জন্য আবেদন করতে পারবেন। আবেদনকারীকে অবশ্যই বাংলাদেশি নাগরিক হতে হবে;

(২) প্রকাশিত প্রবন্ধ/পুস্তক অবশ্যই ২০২৩ সালে প্রকাশিত হতে হবে। দেশীয় সমস্যা সম্পর্কিত এবং দেশের মধ্যে সম্পাদিত গবেষণা কর্মের প্রকাশনাকে অগ্রাধিকার দেওয়া হবে;

(৩) যেকোনো প্রবন্ধ/পুস্তক পুনর্মুদ্রিত এবং অনলাইন প্রকাশনা গ্রহণযোগ্য হবে না;

(৪) শুধুমাত্র বর্ণনা ও জরিপমূলক, অনুবাদ বা সম্পাদনাকর্ম এবং Review Article, ইন্সটিটিউট, একাডেমি, সোসাইটি, সমিতি কর্তৃক পত্রিকায়/সুভেনির-এ প্রকাশিত পর্যালোচনামূলক প্রবন্ধ/পুস্তক স্বর্ণপদকের জন্য বিবেচিত হবে না। এছাড়া ডিগ্রি অর্জনের জন্য গবেষণাকর্মের ভিত্তিতে রচিত প্রবন্ধ/পুস্তকও ইউজিসি স্বর্ণপদকের জন্য বিবেচিত হবে না;

(৫) চারুকলার ক্ষেত্রে আবেদনকারীকে বিগত ৫ (পাঁচ) বছরের প্রকাশনা, প্রদর্শনীর সিডি ও ক্যাটালগ এবং স্থাপত্যের ক্ষেত্রে আবেদনকারীকে বিগত ৫ (পাঁচ) বছরের পোর্টফলিও আবেদনপত্রের সাথে জমা দিতে হবে;

(৬) আবেদনকারীকে আবেদন করার সময় অনধিক ২০০ (দুইশত) শব্দের মধ্যে একাডেমিক কার্যক্রমের উপর গুরুত্বারোপ করে জীবন-বৃত্তান্তের হার্ডকপি, সদ্য তোলা পাসপোর্ট সাইজের ৩ (তিন) কপি রজিন ছবি এবং বিগত ৫ (পাঁচ) বছরের প্রকাশনার তালিকা (যদি থাকে) যথাযথ রেফারেন্সসহ আবেদনপত্রের সাথে জমা দিতে হবে;

(৭) যৌথ/একাধিক প্রকাশনার ক্ষেত্রে Corresponding Author/First Author/Last Author সকল Co-author-দের সম্মতিপত্রসহ আবেদন করতে পারবেন। তবে পুস্তকের ক্ষেত্রে লেখকদের যৌথভাবে আবেদন করতে হবে;

(৮) একজন আবেদনকারী একই শাখায় একের অধিক আবেদন করতে পারবেন না। কোনো শাখায় একের অধিক আবেদন করলে ঐ শাখার সকল আবেদন বাতিল বলে গণ্য হবে;

(৯) আগামী ২৪ ডিসেম্বর ২০২৪ তারিখের মধ্যে 'myGov (আমার সরকার) এক ঠিকানায় সকল সরকারি সেবা'-এ অনলাইনে আবেদন করতে হবে এবং একইসাথে আবেদনের প্রিন্ট কপিসহ প্রকাশিত প্রবন্ধের ক্ষেত্রে ৬ কপি এবং পুস্তকের ক্ষেত্রে ৪ কপি হার্ডকপি যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে পরিচালক, রিসার্চ সাপোর্ট এন্ড পাবলিকেশন ডিভিশন, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭ বরাবর পৌছাতে হবে;

(১০) নীতিমালা ও সম্মতিপত্রের নমুনা ইউজিসির ওয়েবসাইটের (www.ugc.gov.bd) সম্মাননা সেবাবক্সে 'ইউজিসি স্বর্ণপদক'-এ দেওয়া আছে;

(১১) ইউজিসি স্বর্ণপদক প্রদান সংক্রান্ত বিষয়ে কমিশন কর্তৃপক্ষ যেকোনো সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতা সংরক্ষণ করে।



০৫-১১-২০২৪
ড. ফেরদৌস জামান
পরিচালক

পরিচালক, জনসংযোগ ও তথ্য অধিকার বিভাগ, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন।

বিতরণ: জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। পরিচালক, ইনফরমেশন ম্যানেজমেন্ট, কমিউনিকেশন এন্ড ট্রেনিং বিভাগ, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (কমিশনের ওয়েবসাইটের স্ক্রলে প্রকাশসহ সংশ্লিষ্ট সেবাবক্সে আপলোডের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো);
- ২। অতিরিক্ত পরিচালক, রিসার্চ সাপোর্ট এন্ড পাবলিকেশন অনুবিভাগ, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন;
- ৩। উপপরিচালক (জনসংযোগ ও তথ্য অধিকার বিভাগ), জনসংযোগ ও তথ্য অধিকার শাখা, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য 'প্রথম আলো' ও 'New Age' পত্রিকায় প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো);
- ৪। একান্ত সচিব (উপসচিব), চেয়ারম্যান এর দপ্তর, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন;
- ৫। ব্যক্তিগত কর্মকর্তা, সদস্যের দপ্তর, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন;
- ৬। ব্যক্তিগত কর্মকর্তা (পি ও), সচিবালয় ও প্রশাসন বিভাগ, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন এবং
- ৭। ব্যক্তিগত কর্মকর্তা (পি ও), রিসার্চ সাপোর্ট এন্ড পাবলিকেশন বিভাগ, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন।

